

# ইউরোপ্লেক্স®

ভিটামিন-বি কমপ্লেক্স সিরাপ/ট্যাবলেট

## বর্ণনা

ইউরোপ্লেক্স® একটি মাল্টিভিটামিন সম্পূরক। ইউরোপ্লেক্স® এর প্রতিটি উপাদান শরীর সুস্থ ও সবল রাখার জন্য যুক্তিসংগত চিকিৎসা মাত্রায় আছে। ইউরোপ্লেক্স® ট্যাবলেট/সিরাপ এ ভিটামিন-বি এর যে সমষ্টি উপাদান রয়েছে, সেগুলো বিভিন্ন এনজাইম সিস্টেমের উপাদান যা শর্করা, আমিষ এবং স্লেহ জাতীয় খাদ্য বিপাকে সহায়তা করে। ইউরোপ্লেক্স® ভিটামিন বি-এর একটি সৃষ্টি মিশ্রণ যাহা পর্যাপ্ত তাবে ভিটামিন বি-এর অভাব পূরণ করে এবং দেহে রোগের প্রতিবন্ধকতা সৃষ্টিতে কাজ করে।

## উপাদান

প্রতিটি পাতলা আবরণযুক্ত ইউরোপ্লেক্স® ট্যাবলেট এর উপাদান:

|                                   |      |               |
|-----------------------------------|------|---------------|
| থায়ামিন নাইট্রোট (বি১)           | বিপি | ৫.০ মি:গ্রা:  |
| রিবোফ্লারিন (বি২)                 | বিপি | ২.০ মি:গ্রা:  |
| পাইরিডক্সিন হাইড্রোক্লোরাইড (বি৬) | বিপি | ২.০ মি:গ্রা:  |
| নিকোটিনামাইড                      | বিপি | ২০.০ মি:গ্রা: |

প্রতি ৫ মিলি ইউরোপ্লেক্স® সিরাপের এর উপাদান:

|                                     |      |               |
|-------------------------------------|------|---------------|
| থায়ামিন হাইড্রোক্লোরাইড (বি১)      | বিপি | ৫.০ মি:গ্রা:  |
| রিবোফ্লারিন (বি২)                   | বিপি | ২.০ মি:গ্রা:  |
| (রিবোফ্লারিন সোডিয়াম ফসফেট হিসাবে) |      |               |
| পাইরিডক্সিন হাইড্রোক্লোরাইড (বি৬)   | বিপি | ২.০ মি:গ্রা:  |
| নিকোটিনামাইড                        | বিপি | ২০.০ মি:গ্রা: |

## নির্দেশনা

ভিটামিন বি-ঘন্টপের এক বা একাধিক উপাদানের অভাবজনিত রোগ বা লক্ষণ প্রতিরোধ বা নিরাময়ে ইউরোপ্লেক্স® ব্যবহার করা হয়। ভিটামিন-বি এর অভাবজনিত কারণে বেরিবেরি, পেলেগ্রা, ম্যায়ুতন্ত্র প্রদাহ, কর্ণিয়ার প্রদাহ, মুখের কোগায় ও ঠোঁটে ঘা এবং জিহবা লাল হয়ে সারা মুখে প্রদাহের সৃষ্টি করে। এন্টিবায়োটিক বা যক্ষা রোগে ঔষধের সঙ্গে অনুসঙ্গ হিসাবেও ইউরোপ্লেক্স® ব্যবহার করা হয়।

## সেবনবিধি ও মাত্রা

প্রতিদিন ইউরোপ্লেক্স® ১-২ টি ট্যাবলেট দিনে তিনবার অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য। ইউরোপ্লেক্স® সিরাপ ২-৩ চা চামচ দিনে তিনবার অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

## অনুশোধিতা

এখনো জানা যায়নি।

## সতর্কতা

ভিটামিন বি-এর সুনির্দিষ্ট অভাবজনিত রোগের চিকিৎসায় এর ব্যবহার যথেষ্ট নয়।

## পার্শ্ব প্রতিক্রিয়া

স্বাভাবিক মাত্রায় মাল্টিভিটামিন ঔষধের উপাদানসমূহের সাধারণত: কোন পার্শ্ব প্রতিক্রিয়া নেই। সুনির্দিষ্ট ভিটামিনের পার্শ্ব প্রতিক্রিয়া হতে পারে কিন্তু সেটা সিরাপে দেয়া ভিটামিনের পরিমাণের তুলনায় অধিক পরিমাণের ক্ষেত্রে।

## ড্রাগ ইন্টার এ্যাকশন

প্রতিদিন ৫ মি:গ্রা: পাইরিডক্সিন ব্যবহারে পারকিম্সনিজম চিকিৎসায় ব্যবহৃত লিতোডোপা এর কার্যকারিতা কমে যেতে পারে।

## বাণিজ্যিক প্যাক

ইউরোপ্লেক্স® ট্যাবলেট: ৪৫টি ফিল্যু কোটেড ট্যাবলেট কাঁচের বোতলে।

ইউরোপ্লেক্স® সিরাপ: প্রতিটি বোতলে রয়েছে ২০০ মিলি সিরাপ।



Manufactured by  
EURO Pharma Ltd.  
In Pursuit of Excellence  
Dhaka, Bangladesh

®Regd. Trademark